

বিদ্যাগর জননী ভগবতী দেবী.pdf/৮৪



১০ জানুয়ারী, ২০২৫ তারিখে উইকিসংকলন থেকে রপ্তানিকৃত

আগমন করিয়া হিন্দু, প্রথানুসারে দণ্ডবৎ হইয়া, বিদ্যাसागर মহাশয়ের জননীকে প্রণাম করিলেন। তিনি হিন্দু, প্রথানুযায়ী যোগাসনে বসিয়া আহারাদি সমাপন করিয়াছিলেন। ভগবতী দেবী সাহেবের ভোজন সময়ে উপস্থিত থাকিয়া তাঁহাকে ভোজন করাইয়াছিলেন। সাহেব তাঁহার সদ্ব্যবহারে আশ্চর্য্যান্বিত হইয়াছিলেন। অতি বৃদ্ধা হিন্দু স্ত্রীলোক, সাহেবের ভোজনের সময় চেয়ারে উপবিষ্টা হইয়া কথাবার্তা কহিতে প্রবৃত্ত হইলেন দেখিয়া উপস্থিত সকলে ও সাহেব পরম সন্তুষ্ট হইয়াছিলেন। ভগবতী দেবী প্রবীণ হিন্দু, স্ত্রীলোক, তথাপি তাঁহার স্বভাব অতি উদার, মন অতিশয় উন্নত, এবং মনে কিছুমাত্র কুসংস্কার নাই। কি ধনশালী, কি দরিদ্র, কি বিদ্বান, কি মূর্খ, কি উচ্চজাতীয়, কি নীচজাতীয়, কি পুরুষ, কি স্ত্রী, কি হিন্দুধর্মাবলম্বী, কি অন্য ধর্মাবলম্বী সকলেরই প্রতি সমদৃষ্টি; ইহা জানিতে পারিয়া সকলেই চমৎকৃত হইলেন এবং পরম সন্তোষ লাভ করিলেন।

ভোজনান্তে হারিসন্ সাহেব ভগবতী দেবীকে জিজ্ঞাসা করিলেন, “আপনার কত ধন আছে?” ভগবতী দেবী স্মিতমুখে উত্তর করিলেন,—“বাবা, চারি ঘড়া ধন আছে।” সাহেব বললেন—“আপনার এত ধন আছে? ভগবতী তখন সহাস্য বদনে জ্যেষ্ঠ পুত্র বিদ্যাसागर মহাশয় ও অপর তিনটি পুত্রের প্রতি অঙ্গুলি নির্দেশ করিয়া বলিলেন— “এই আমার চারি ঘড়া ধন।” সাহেব বিস্মিত হইয়া বিদ্যাसागर ও উপস্থিত জনসমূহকে বলিলেন,—“ইনি দ্বিতীয় রোমীয় রমণী কর্ণিলিয়া।

তৎপরে ভগবতী দেবী হারিসন্ সাহেবকে বলিলেন, “দেখ বাবা, তুমি অতি দায়িত্বপূর্ণ কার্যের ভার লইয়া এই জেলায় আসিয়াছ। দেখিও যেন গরীব দুঃখীর অনিষ্ট না হয়। তুমি একরূপ

ভাবে কার্য্য করিবে যে, তুমি এ জেলা পরিত্যাগ করিয়া চলিয়া গেলেও যেন লোকে তোমার জন্য হয় হয় করে।” সাহেব ভগবতীর কথা শুনিয়া অত্যন্ত সন্তুষ্ট হইলেন। এবং বিদ্যাসাগর মহাশয়কে বলিলেন, “এমন মা না হইলে, আপনি ঐরূপ হইতে পারিতেন না। মাতার গুণেই আপনি স্বভাবত উন্নতমনা হইয়াছেন।”

তৎপরে সাহেব বিদ্যাসাগর মহাশয়ের বসতবাটীর চতুর্দিক পরিভ্রমণ করিয়া দেখিলেন। এবং সকল স্থানই পরিষ্কার পরিচ্ছন্ন দেখিয়া বলিলেন, “আমি অনেক বাটীতে পদার্পণ করিয়াছি, কিন্তু ঐরূপ পরিষ্কার পরিচ্ছন্ন গৃহ আমার কুত্রাপি নয়নগোচর হয় নাই। জানিলাম, আপনার মাতৃদেবী অশেষ গুণান্বিত। ইহার তুলনা নাই।”

হারিসন সাহেব এক সময়ে কোন কার্য্যোপলক্ষে বিদ্যাসাগর মহাশয়কে পত্র লিখেন। তাহাতে তিনি একস্থানে উল্লেখ করিয়াছিলেন, “আপনার জননীর উপদেশানুযায়ী আমি কর্তব্য সম্পাদন করিতে সতত যত্নবান আছি। তাঁহাকে

এই ডিজিটাল সংস্করণ সম্পর্কে

এই ই-বই অনলাইন গ্রন্থাগার [উইকিসংকলন](#)^[২] হতে প্রাপ্ত।
স্বেচ্ছাসেবীদের দ্বারা নির্মিত এই বহুভাষী ডিজিটাল গ্রন্থাগার
উপন্যাস, কবিতা, পত্র-পত্রিকা ইত্যাদি সমস্ত ধরনের প্রকাশনার
মুক্ত সংকলন গড়ে তোলার জন্য অঙ্গীকারবদ্ধ।

আমরা কপিরাইটমুক্ত অথবা মুক্ত লাইসেন্সের অধীনে প্রকাশিত
বইগুলিকে বিনামূল্যে প্রদান করে থাকি। আপনি আমাদের ই-
বইগুলিকে [ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক ৩.০
আনপোর্টেড](#) লাইসেন্স^[৩] বা [জিএনইউ ফ্রি ডকুমেন্টেশন
লাইসেন্সের](#)^[৩] শর্তাধীনে বাণিজ্যিক উদ্দেশ্য সহ যে কোন উদ্দেশ্যে
ব্যবহার করতে পারেন।

উইকিসংকলন সর্বদা নতুন সদস্যদের জন্য উন্মুক্ত। এই ই-বইয়ে
কিছু ভুল ভ্রান্তি থেকে যাওয়া সম্ভব, সেক্ষেত্রে আপনি [এই পাতায়](#)
জানাতে পারেন^[৪]।

নিম্নে তালিকাভুক্ত ব্যবহারকারীরা এই ই-বইয়ে অবদান রেখেছেন:

- SUSMITA2511
- Bodhisattwa

২. [↑](https://creativecommons.org/licenses/by-sa/3.0/deed.bn) <https://creativecommons.org/licenses/by-sa/3.0/deed.bn>
৩. [↑](http://www.gnu.org/copyleft/fdl.html) <http://www.gnu.org/copyleft/fdl.html>
৪. [↑](https://bn.wikisource.org/wiki/উইকিসংকলন:লিপিশালা) <https://bn.wikisource.org/wiki/উইকিসংকলন:লিপিশালা>